দৈনিক বাংলা

তারিখ ... 21 MAR 1993 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# পরীক্ষায় নকল রোধের ব্যবস্থা

দেশের চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা এপ্রিল মাসের ১৯ ইং তারিখ অনুষ্ঠিত হতে যাচ্ছে। পরীক্ষায় নকল করার প্রবণতা বা অভ্যাস যে ছাত্র-ছাত্রীদের অনেকের মধ্যে রয়েছে তাতে সন্দেহ নেই। এই দেশে শিক্ষার মান উন্নত করতে হলে পরীক্ষায় এই নকল প্রবণতা বা অভ্যাস অবশ্য দূর করতে হবে। নকল প্রবণতা দূর করার জন্য নিম্নে বর্ণিত কয়েকটি ব্যবস্থা নেয়া যেতে পারে।

(১) পরীক্ষার হলে কোন ছাত্র-ছাত্রী যেন কোন বই খাতা নিতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

(২) প্রবেশপত্র ব্যতীত অন্য কোন প্রকার কাগজপত্র যাতে কারো কাছে না থাকে সেদিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

(৩) পরীক্ষার্থীরা যাতে পরস্পর উত্তরপত্র অদল-বদল করতে না পারে সেদিকে কড়া দৃষ্টি রাখতে হবে।

(৪) ইনভিজিলেটার হিসাবে কাজ করার জন্যে স্কুল শিক্ষকের পরিবর্তে কলেজ শিক্ষক বা সরকারী যে কোন বিভাগ থেকে লোক নিয়োগ করতে হবে।

(৫) পরীক্ষা হলের বিভিন্ন কক্ষে প্রয়োজনীয় সংখ্যক ইনভিজিলেটার নিয়োগ করতে হবে এবং তারা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করছেন কিনা তা দেখার জন্য ৫ থেকে ৭ সদস্য বিশিষ্ট একটি ভিজিলেন্স টীম মোতায়েন করতে হবে যাতে বোর্ড থেকে কোন কর্মকর্তাকে না পাঠালেও চলে।

(৬) পরীক্ষা কেন্দ্রের আশে পাশে জনসমাবেশ সম্পূর্ণরূপে বন্ধ করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে আরও জোরদার করতে হবে।

(৭) পরীক্ষার হলে আসন ব্যবস্থা এমনভাবে করতে হবে যেন একজন ছাত্র বা ছাত্রী অপর একজন ছাত্র বা ছাত্রীর খাতা দেখে লেখার কোন সুযোগই না পায়। আশা করি কর্তৃপক্ষ এসব প্রস্তাব যথাযথভাবে বিবেচনা করে আসন্ন পরীক্ষায় এগুলি কার্যকর করার ব্যবস্থা নেবেন।

কানিজ আয়শা দুলালী
উত্তর চর্থা, কুমিল্লা।